

প্রাথমিক শিক্ষা সমাপনী
পরীক্ষা ২০১৪ এর মডেল প্রশ্ন

বিষয়: গণিত

সময়- ২ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান- ১০০

[ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১,২,৩,৫ ও ১৩ নং প্রশ্নসহ মোট ১০টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ:

১ × ১০ = ১০

(i) ৫টি আমের দাম ৭৫ টাকা হলে, একটির দাম কত?

(ক) ৩ টাকা (খ) ৫ টাকা (গ) ১৫ টাকা (ঘ) ৩০ টাকা

(ii) ২২, ৪৬, ৬০ ও ৭২ এর গড় কত?

(ক) ৪০ (খ) ৫০ (গ) ৬০ (ঘ) ৭০

(iii) নিচের কোনটি সম্পর্ক চিহ্ন?

(ক) \times (খ) \neq (গ) $>$ (ঘ) $\{ \}$

(iv) ২৪ ও ৩৬ এর গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক কোনটি?

(ক) ৮ (খ) ৯ (গ) ১২ (ঘ) ২৪

(v) কোন ভগ্নাংশটি বড়?

(ক) $\frac{৩}{৯}$ (খ) $\frac{৩}{৮}$ (গ) $\frac{৩}{৭}$ (ঘ) $\frac{৩}{৬}$

(vi) $০.৩ \times ০.০৩ \times ০.০০৩ \times ৩০ =$ কত?

(ক) ৮১০০০০ (খ) ৮১০০০ (গ) .০০০০৮১ (ঘ) .০০০৮১

(vii) ৪৫% এর সাধারণ ভগ্নাংশ কত?

(ক) $\frac{৯}{২০}$ (খ) $\frac{২০}{৯}$ (গ) $\frac{৪৫}{৯}$ (ঘ) $\frac{৪৫}{১০০}$

(viii) শ্রাবণ মাস কত দিনে?

(ক) ২৯

(খ) ৩০

(গ) ৩১

(ঘ) ৩২

(ix) বর্গের কয়টি বাহু সমান?

(ক) দুটি

(খ) তিনটি

(গ) চারটি

(ঘ) কোনটি নয়

(x) কম্পিউটারের মূল অংশ কয়টি?

(ক) একটি

(খ) দুটি

(গ) তিনটি

(ঘ) চারটি

২। সংক্ষেপে উত্তর দাও:

১ × ১০ = ১০

(ক) গুণফলকে গুণক দিয়ে ভাগ করলে কী পাওয়া যায়?

(খ) ১০টি ডিমের দাম ৪০ টাকা, ১২টি ডিমের দাম কত?

(গ) ২০, ২১, ২২, ২৩ ও ২৪ এর গড় কত?

(ঘ) গ.সা.গু. এর পূর্ণরূপ কী?

(ঙ) প্রক্রিয়া প্রতীক কয়টি ও কী কী?

(চ) ভগ্নাংশ × পূর্ণসংখ্যা = কী?

(ছ) শতকরা কী?

(জ) ওজন পরিমাপের মূল একক কী?

(ঝ) কোন রীতিতে সকাল, দুপুর, বিকাল, সন্ধ্যা, রাত বলা হয় না?

(ঞ) একটি আয়তের সন্নিহিত বাহুদ্বয় সমান হলে তাকে কী বলে?

৩। ৬টি চেয়ার ও ৪টি টেবিলের মূল্য একত্রে ৯৫৭০ টাকা। ১টি চেয়ারের মূল্য ৬৭৫ টাকা।

(ক) এক জোড়া সমান কয়টি?

২ × ৫ = ১০

(খ) ৬টি চেয়ারের মূল্য কত?

(গ) চারটি টেবিলের মূল্য কত?

(ঘ) ১টি টেবিলের মূল্য কত?

(ঙ) ১ টি টেবিল ও ১টি চেয়ারের মূল্যের পার্থক্য কত?

৪। একটি পুকুর খনন করতে ২০০ জন লোকের ২৫দিন লাগে। পুকুরটি ২০ দিনে খনন করতে চাইলে অতিরিক্ত কতজন লোক নিয়োগ করা প্রয়োজন?

১০

৫। অপু ও দীপুর গড় বয়স ২২ বছর, দীপু ও টিপুর গড় বয়স ২৪ বছর। অপুর বয়স ২১ বছর। ২ × ৫ = ১০

(ক) ১ বছর সমান কত দিন?

(খ) অপু ও দীপুর মোট বয়স কত?

(গ) দীপুর বয়স কত?

(ঘ) দীপু ও টিপুর মোট বয়স কত?

(ঙ) টিপুর বয়স কত?

৬। চারটি ঘণ্টা একত্রে বেজে পরে ৫, ৭, ১২ এবং ১৫ মিনিট অন্তর বাজতে লাগল। ন্যূনতম কতক্ষণ পরে ঘণ্টাগুলো পুনরায় একত্রে বাজবে? ১০

৭। একটি খুঁটির $\frac{1}{6}$ অংশ কাদায়, $\frac{1}{2}$ অংশ পানিতে এবং বাকি অংশ পানির উপরে আছে। পানির উপরের অংশের দৈর্ঘ্য ২ মিটার হলে, পানিতে যতটুকু খুঁটি আছে, তার দৈর্ঘ্য কত? ১০

৮। দুইটি সংখ্যার যোগফল ৭০.৬০। বড় সংখ্যাটি ছোট সংখ্যা থেকে ৪.৫০ বেশি। সংখ্যা দুইটি নির্ণয় কর। ১০

৯। বার্ষিক ৫% মুনাফায় ৩০০ টাকার কত বছরের মুনাফা ৬০ টাকা হবে? ১০

১০। একটি আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল ১০,৮০০ বর্গমিটার এবং প্রস্থ ৪০ মিটার। দৈর্ঘ্য কত? ১০

১১। ৫ বছর ৪ দিনকে মিনিটে পরিণত কর। ১০

১২। বালুচড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাঁচটি শ্রেণির শিক্ষার্থীদের সংখ্যা নিম্নরূপ: উপাত্ত অনুসরণ করে স্তম্ভ লেখ আঁক। ১০

শ্রেণি	শিক্ষার্থীর সংখ্যা
প্রথম	৮০
দ্বিতীয়	৭৫
তৃতীয়	৭৮
চতুর্থ	৬৫
পঞ্চম	৫৫

১৩। (ক) ৩ সে.মি. ব্যাসার্ধের একটি বৃত্ত আঁক এবং এর বিভিন্ন অংশ চিহ্নিত কর। ৪

(খ) চিত্রসহ সংজ্ঞা লিখ: (যেকোনো ২টি) ২ × ৩ = ৬
চতুর্ভুজ, বর্গ, জ্যা